



## ALL WORKERS MILITANT FRONT (W. F. T. U. Affiliate)

5b, Ag. Filotheis str., 105 56 Athens, GREECE.

Tel.: +30210 3305 219, +302103301842, +302103301847.

Fax: +30210 3902 864.

E-mail: international@pamehellas.gr <http://www.pamehellas.gr>

## বিজ্ঞপ্তি

ভূমি শ্রমিকদের জন্যে বাংলাদেশ ও গ্রীসের মধ্যে চুক্তি সম্পর্কিত নতুন নির্দিষ্টকরণ

সহকর্মী, বাংলাদেশ, পাকিস্তান ও ভারতের এবং অন্যান্য স্থান আসা ভাইগণ, যারা এদেশে অত্যন্ত দুর্বিষহ পরিবেশে বসবাস ও কাজ করেন। বিশেষভাবে কৃষিকাজে, অনেকে দীর্ঘদিন ধরেও এদেশে বাস করেন।

নেয়া ডেমোক্রাতিয়া সবকার কিছুদিন আগে অভিবাসী ভূমি শ্রমিকদের জন্যে আইনগত সংশোধন করে সংসদে পেশ করেছে, যা জীবন যাত্রার সাথে সহসাই সম্পর্কিত। এবং ছয় মাস আগে অভিবাসী সম্পর্কিত বাংলাদেশ এবং অন্যান্য দেশের সংগে চুক্তি সম্পাদন করেছে।

সম্প্রতি সংশোধিত আইনের মাধ্যমে শুধু মাত্র অভিবাসী ভূমি শ্রমিকদের জন্যে যারা ইতিমধ্যে এদেশে বাস করে, অথচ বসবাস ও কাজের অনুমোদন নেই, তাদের জন্যে অস্থায়ী ভাবে মৌসুমী সময়ে ৩০দিন থেকে ৯০ দিনের জন্যে বসবাস ও কাজের অনুমোদন দেওয়া হবে। এই অনুমোদন শেষ হওয়ার ১০ দিন পূর্বে নবায়নের জন্যে আবেদন করা যাবে, তবে নবায়ন ৯০দিন পর্যন্ত বৃদ্ধি করা যাবে। এবং শ্রমিকের বয়স অবশ্যই ৬০ বছরের নীচে হতে হবে।

প্রত্যেক এলাকায় শ্রমিকের সংখ্যা নির্ধারিত প্রশাসন দ্বারা পূর্বেই নির্ধারণ করে দেওয়া হবে।

মালিক শ্রমিককে কাজে নিয়োজিত করতে চাইলে প্রত্যেক শ্রমিকের জন্যে ১১০ ইউরো মাসুল (ফি) জমা দিয়ে ৩০শে সেপ্টেম্বর ২০২২ ইং পর্যন্ত বিশেষ বৈদ্যুতিক বাতায়ন (ইলেকট্রনিক প্লার্টফর্মে) আবেদন করতে হবে।

প্রত্যেক শ্রমিক কে পাসপোর্ট অথবা বৈধ ভ্রমণ পত্র যা মেয়াদ আছে অথবা পুরাতন ভ্রমণ পত্র সংগে প্রত্যয় পত্র (ইপেপথিনি দিলোসি) দিতে হবে। এবং মালিক তার নিয়োজিত শ্রমিকের নিকট থেকে একটি প্রশাসনিক প্রমান পত্র বা প্রত্যয় পত্র (ইপেপথিনি দিলোসি) যার মধ্যে নাম, পদবী, দেশ, জন্ম তারিখ, এবং মাতা পিতার নাম পদবী থাকবে।

অনুমিত করা যে, মালিক শ্রমিকের নিরাপদ ও স্বাস্থ্যকর বসবাসের জায়গা দেবে বা ভাড়া বাসা নিশ্চিত করবে। বাসা ভাড়া অবশ্যই মজুরীর সংগে আনুপাতিক হতে হবে। মালিক শ্রমিকের মজুরী থেকে বাসা ভাড়া রাখতে পারবে না।

অভিবাসী শ্রমিক অবশ্যই ঘোষিত টিকানায় বসবাস করতে হবে, অবশ্য মালিক পরিবর্তন করলে নতুন ঠিকানা ব্যবহার করবে। নতুন মালিক অবশ্যই নতুন ভাবে আবেদন করবে। মৌসুমী শ্রমিকের মেয়াদকালীন সময়ে মাসে দুইবার নিজ দেশে যেতে ও আসতে পারবে। সামাজিক নিরাপত্তা (ইকা) এরগসিমোর মাধ্যমে হবে।

২. ৯ ই ফেব্রুয়ারী ২০২২ইং বাংলাদেশ ও গ্রীস সরকার অভিবাসী সম্পর্কিত চুক্তি সম্পাদিত করে। এ চুক্তি এখনো কার্যকর হয় নাই। তবে চুক্তি কার্যকর করতে দুই দেশের মধ্যে কিছু প্রকিয়া সম্পন্ন করতে হবে। চুক্তির মাধ্যমে গ্রীস ও বাংলাদেশ কিছু বাধ্যবাধকতা দায়িত্বে আরোপিত হচ্ছে।

গ্রীস অবশ্যই মজুরী প্রদান করবে: ১৫ হাজার শ্রমিক অস্থায়ীভাবে বসবাস ও কাজের অনুমোদন দিতে হবে যারা বাংলাদেশের নাগরিক এবং ইতিমধ্যে গ্রীসে বসবাস করে।

বাংলাদেশ থেকে প্রত্যেক বছর ৪ হাজার শ্রমিক বসবাস ও কাজের অনুমোদন দিতে হবে যারা গ্রীসে কাজ করতে ইচ্ছুক ।

এ সকল বৈধতার মেয়াদ হবে ৫ বছরের জন্যে , প্রত্যেক শ্রমিক গ্রীসে বছরে ৯ মাস কাজ ও বসবাস করতে পারবে । শ্রমিকদের পরিবার নিয়ে আসার অধিকার থাকবে না, এমনকি নির্ধারিত সময়ের বেশী থাকতেও পারবে না।

এ চুক্তি কৃষি কাজের সকল শ্রেণীর মৌসুমী কাজের জন্যে প্রযোজ্য

যে সকল শ্রমিক ইতিমধ্যে গ্রীসে বসবাস করে, তাদেরকে চুক্তি বলবৎ হওয়ার ১৮০দিনের মধ্যে আবেদন করতে হবে । কিছু রাজস্ব দিয়ে আবেদনের সময় থেকে কমপক্ষে দুই বছরের পাসপোর্ট বা ভ্রমণ পত্রের মেয়াদ থাকতে হবে । এবং মালিকের সংগে শ্রমের চুক্তি এবং স্বীকৃতি পত্র (বেবেয়োসি) থাকতে হবে ।

যদি মোট আবেদনকারীর সংখ্যা ১৫ হাজারের বেশী হয় তাহলে প্রতি বছরের জন্যে নির্ধারিত ৪ হাজার শ্রমিক থেকে কমিয়ে বাড়তি আবেদনকারীদেরও সুযোগ দেওয়া হবে ।

বাংলাদেশ থেকে যারা গ্রীসে এ চুক্তির আওতায় যারা আসতে চায়, তারা আবেদন করে , ফি জমা দিয়ে, আবেদনের দিন থেকে দুই বছরের মেয়াদ সম্পন্ন পাসপোর্ট বা ভ্রমণ পত্র থাকতে হবে । মালিকের সংগে চুক্তিপত্র যার মধ্যে শ্রমের সুনির্দিষ্ট শর্ত উল্লেখ থাকতে হবে । শ্রমের সময় সীমা কমপক্ষে এক বছর হতে হবে এবং স্বাস্থ্য বীমা থাকতে হবে ।

যাদেরকে বিপদজনক বিবেচিত করা হবে তাদেরকে অনুমোদন দেওয়া হবে না।

বাংলাদেশ বাধ্যবাধকতার মধ্যে থাকবে যে গ্রীসে যে সকল শ্রমিকের বসবাস ও কাজের অনুমোদন নেই তাদেরকে দেশে ফেরৎ নিতে সহযোগিতা করে কাজ করা । এবং যাতে <<অবৈধ>> ভাবে কোন শ্রমিক না আসতে পারে তার জন্যে পদক্ষেপ নেয়া এবং তা রক্ষার জন্যে ব্যবস্থা উন্নীত করা

সহকর্মীগণ, উপরোক্ত নির্দিষ্টকরণ ,আইন যৎসামন্য অধিকার রক্ষা করা হয়েছে । তাও করা হয়েছে আপনাদের দাবী আদায়ের আন্দোলনের পর, আন্দোলন অবশ্যই অব্যাহত রাখতে হবে । এজন্যে যে,

- যে সকল শ্রমিক গ্রীসে বসবাস করতেছে তাদেরকে বিনাশর্তে বসবাস ও কাজের অনুমোদন, পরিবার নিয়ে বসবাস ও সন্তানদের শিক্ষার সুযোগ দিতে হবে ।
- শ্রমের যুজুরী বৃদ্ধি , মানবিক ও মর্যদাপূর্ণ পরিবেশে কাজ ও বসবাসের নিশ্চয়তা দিতে হবে । স্বাস্থ্য সেবা ও চিকিৎসা সম্পূর্ণ সুযোগ দিতে হবে । রাষ্ট্রের তত্ত্বাবধানে গ্রীক ভাষা শিক্ষার কর্মসূচী নিতে হবে ।
- এখনই সকল অভিবাসী শ্রমিকদের টীকা কর্মসূচী সম্পন্ন করতে হবে । এবং অন্যান্য রোগের টীকা রাষ্ট্রের দায়িত্বে সম্পন্ন করতে হবে ।

সহকর্মী **PAME-** পামে সকলের প্রতি আহ্বাবাণ জানাচ্ছে যে, শ্রমিক ইউনিয়নের সংগে যোগাযোগ করে আমাদের সকলের সমস্যা সমাধানে সাধারণ আন্দোলন জোড়দার করতে হবে, যাতে কাজের বিনিময়ে জীবন ও অধিকার পাওয়া যায় ।

**গ্রীক ও অভিবাসী শ্রমিক ঐক্যবদ্ধ হোন**